# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৯

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ২৪. কাউকে আল্লাহর আযাবের ন্যায় আযাব দেয়া নিষিদ্ধ

بَاب فِي النَّهْيِ عَنْ التَّعْذِيبِ بِعَذَابِ اللَّهِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ أَبَانَ حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشَجِّ عَنْ أَبِي إِسْحَقَ الدَّوْسِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ الدَّوْسِيِّ قَالَ بَعَثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَرِيَّةٍ فَقَالَ إِنْ ظَفِرْتُمْ بِفُلَانٍ وَفُلَانٍ فَحَرِّقُوهُمَا بِالنَّارِ حَتَّى إِذَا كَانَ الْغَدُ بَعَثَ إِلَيْنَا فَقَالَ إِنِّي كُنْتُ أَمَرْتُكُمْ بِتَحْرِيقِ هَذَيْنِ الرَّجُلَيْنِ ثُمَّ رَأَيْتُ أَنَّهُ لَا يَنْبَغِي لِأَحَدٍ أَنْ يُعَذِّبَ بِالنَّارِ إِلَّا اللَّهُ فَإِنْ ظَفِرْتُمْ بِهِمَا فَاقْتُلُوهُمَا

বাংলা

২৪৯৯. আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে এক অভিযানে প্রেরণ করেন। তখন তিনি বলেছিলেন, “অমুক অমুক দুই ব্যক্তিকে যদি পাও তবে এদের আগুনে পুড়িয়ে ফেলবে।” পরের দিন তিনি আমাদের নিকট একজন লোক পাঠিয়ে বললেন: “অমুক অমুক দুই ব্যক্তিকে আগুনে জ্বালিয়ে দিতে আমি তোমাদের নির্দেশ দিয়েছিলাম। পরে আমার মনে হলো যে, আল্লাহ ছাড়া আর কেউ আগুনে শাস্তি দিতে পারেন না। সুতরাং তোমরা যদি এদের দুই জনকে পাও তবে এদের হত্যা করবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত। তবে মুহাম্মদ ইবনু ইসহাক এটি ‘আন ‘আন’ শব্দে বর্ননা করেছেন। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: বুখারী, জিহাদ ৩০১৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৬১১ তে। এছাড়াও, ইবনু আবী শাইবা, ১২/২৮৯ নং ১৪০৮৮; ইবনু মানসূর ২৬৪৫; নাসাঈ, কুবরা নং , ৮৬১৩; বাইহাকী, সিয়ার ৯/৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82782

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন